

## কোথায় আমি আরো জানতে পারবো?

বিস্তারিত তথ্যের জন্য আপনার স্থানীয়  
কমিউনিটি পানিশমেন্ট অফিসারকে  
অনুরোধ করুন

## উন্নততর কমিউনিটি শাস্তিদান ব্যবস্থা



## আপনার জন্য তথ্য

# এনহ্যান্সড্ কমিউনিটি পানিশমেন্ট (ECP) বা উন্নততর কমিউনিটি শাস্তিদান ব্যবস্থা কি?

## ECP (ইসিপি) হলো কারাগারে না গিয়ে অপরাধ করায় নিবৃত্ত হওয়ায় আপনাকে সাহায্য করার জন্য একটা কর্মসূচি

আপনি শাস্তি হিসাবে কমিউনিটি'র জন্য বিনা পারিশ্রমিকে কাজ করবেন।

এই কাজ অন্যান্য লোকজনকে সাহায্য করবে। এ'ছাড়া আপনার  
এইসব ক্ষমতা বাড়ানোতেও এটা সাহায্য করবে :

- কর্মদক্ষতা
- সমস্যা সমাধানের দক্ষতা
- আপনার আচরণ সম্পর্কে চিন্তা করার ক্ষমতা
- কোনরকম গোলমাল এড়িয়ে চলার ক্ষমতা

কাজের সময় নির্ধারণ করা হয় সপ্তাহের নিয়মিত কাজের দিনে ও  
সপ্তাহান্তে। আপনার কাজের সময়ের পরিকল্পনা করার প্রক্রিয়ায়,  
আপনি যে চাকরি করেন এবং আপনার পরিবারের প্রতি আপনার যে  
দায়িত্ব আছে তা আমরা বিবেচনা করবো।

## আমার ক্ষেত্রে এর অর্থ কি হবে?

আপনার শাস্তি ঘোষণা করার পর আপনার  
কমিউনিটি পানিশমেন্ট অফিসার-এর সঙ্গে আপনি  
দেখা করবেন যিনি ইসিপি কর্মসূচি আপনার কাছে  
ব্যাখ্যা করবেন এবং আপনার দক্ষতা ও প্রয়োজন  
অনুসারে আপনার জন্য কাজের ব্যবস্থা করবেন।

দশ দিনের মধ্যে আপনার কাজ আপনাকে শুরু  
করতে হবে এবং নিয়মিত ভিত্তিতে আপনার  
কাজের অগ্রগতির পর্যালোচনা করা হবে।

## আমাকে কি করতে হবে?

আপনাকে অবশ্যই:

- সমস্ত অ্যাপয়েন্টমেন্ট রক্ষা করতে ও সময়মতো হাজিরা দিতে হবে
- আপনাকে দেওয়া আদেশ অনুযায়ী নির্ধারিত সমস্ত ঘন্টা কাজ করতে এবং সমস্ত নির্দেশ মেনে চলতে হবে
- আপনার ঠিকানার পরিবর্তন হলে আমাদের জানাতে হবে
- আপনি কাজে উপস্থিত হতে না পারলে সঙ্গে সঙ্গে আমাদের জানাতে হবে।

আপনি যদি কোন যুক্তিসঙ্গত কারণ ছাড়াই দুই বা তার বেশীবার  
নির্ধারিত সময়ে কাজে উপস্থিত না হন, আপনাকে আদালতে  
ফিরিয়ে নিয়ে যাওয়া হবে এবং আপনাকে কারাদণ্ড দেওয়া হতে  
পারে।

আপনি অবশ্যই যা করতে পারবেন না:

- অ্যাপয়েন্টমেন্ট রক্ষা না করা বা দেরীতে কাজে আসা
- মাদক দ্রব্য সেবন বা সুরাপানের দ্বারা প্রভাবিত অবস্থায় কাজে উপস্থিত হওয়া
- কোনরকম বর্ণবাদী, যৌনবাদী বা আপত্তিজনক ব্যবহার করা।

বৈষম্যহীন ন্যায্য আচরণ পাওয়ার অধিকার আপনার আছে এবং  
আপনিও অবশ্যই অন্যদের প্রতি এই ধরনের আচরণ করবেন।  
আপনার যদি কোনরকম অভিযোগ থাকে, সেই ব্যাপারে আপনার  
কমিউনিটি পানিশমেন্ট অফিসার-এর সঙ্গে কথা বলবেন।